ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪০৩

আগরতলা, ২৫ অক্টোবর, ২০২৫

**আগরতলা পুর নিগম এলাকা ভিত্তিক শারদ সম্মান প্রদান অনুষ্ঠান**

## বর্তমান সরকার রাজ্যের শান্তি-শৃঙ্খলা ভঙ্গের কোন অপচেষ্টাকে বরদাস্ত করবে না ঃ মুখ্যমন্ত্রী

অতীতে আগরতলা পুর নিগম এলাকার ক্লাবগুলির মধ্যে বিভিন্ন সমাজসেবার আগ্রহ কম ছিল। কিন্তু বর্তমান সরকারের সময়ে এ অবস্থার পরিবর্তন হয়েছে। বর্তমানে ক্লাবগুলি রক্তদান, বস্ত্রদান, বৃক্ষরোপণ সহ বিভিন্ন সমাজসেবামূলক কাজে যুক্ত হচ্ছে। আজ রাজ্যের বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থা নেশামুক্ত ত্রিপুরা গড়ার ক্ষেত্রে এগিয়ে আসছে। ভালো কাজ করার ক্ষেত্রে ক্লাব ও সামাজিক সংস্থাগুলিকে নিজেদের মধ্যে সুস্থ প্রতিযোগিতামূলক মনোভাব পোষণ করতে হবে। আজ আগরতলা পুর নিগমের উদ্যোগে রবীন্দ্র শতবার্ষিকীভবনে আয়োজিত পুর নিগম এলাকা ভিত্তিক শারদ সম্মান প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, জনজাতি এলাকা সহ রাজ্যের প্রতিটি এলাকার সুন্দর ও সুস্থ সমাজ গঠনে সকলকে এগিয়ে আসতে হবে। মানুষের মনের অসুর রূপি চিন্তাধারাকে বিনাশ করতে হবে। রাজ্যে জাতি-জনজাতিদের মধ্যে ভ্রাতৃত্ববন্ধনকে মজবুত করতে সকলের প্রয়াস আবশ্যক। তিনি বলেন, আগামী প্রজন্মের বিকাশকে সঠিক পথে নিয়ে যেতে হলে সুন্দর, সুস্থ এবং শান্তিময় একটি সমাজ গড়ে দিয়ে যেতে হবে। শারদীয় দুর্গোৎসব আজ জনজাতি এলাকাতেও ব্যাপকভাবে শ্রদ্ধা ও ভক্তির সাথে পালিত হচ্ছে। আক্ষরিক অর্থে সেটা আজ সার্বজনীন উৎসবে পরিণত হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার রাজ্যের শান্তি-শৃঙ্খলা ভঙ্গের কোন অপচেষ্টাকে বরদাস্ত করবে না। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত। স্বাগত বক্তব্য রাখেন আগরলা পুর নিগমের ভারপ্রাপ্ত কমিশনার মেঘা জৈন।

এবছর আগরতলা পুর নিগমের পক্ষ থেকে ২১টি নির্বাচিত ক্লাব/সামাজিক সংস্থা ও পূজা কমিটিকে শারদ সম্মান ২০২৫ প্রদান করা হয়। অনুষ্ঠানে ৫টি ক্লাবকে বিভিন্ন বিভাগে সেরার সেরা পুরস্কার প্রদান করা হয়। এরমধ্যে শ্রেষ্ঠ প্রতিমার জন্য দেশবন্ধু চিত্তরঞ্জন ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য কুঞ্জবন স্পোর্টিং ক্লাব, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য ফ্লাওয়ার্স ক্লাব, শ্রেষ্ঠ থিমের জন্য কসমোপলিটন ক্লাব এবং মহিলাদের দ্বারা আয়োজিত শ্রেষ্ঠ পূজা হিসেবে শিবনগর মহিলা পূজা কমিটিকে পুরস্কৃত করা হয়। এক্ষেত্রে প্রতিটি ক্লাবকে একটি সুদৃশ্য ট্রফি ও ৫০ হাজার টাকার চেক প্রদান করা হয়।

*২য় পাতায়*

এছাড়া আগরতলা পুর নিগমের অন্তর্গত ৪টি জোনের বিভিন্ন বিভাগে শ্রেষ্ঠ ক্লাবগুলিকে শারদ সম্মান প্রদান করা হয়। এবছর সেন্ট্রাল জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হয় সূর্যতোরণ ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য নেতাজী প্লে ফোরাম, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য নবদিগন্ত ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য ব্লাডমাউথ ক্লাবকে পুরস্কৃত করা হয়। সাউথ জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হয় উদীয়মান সংঘকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য মিলনচক্র ক্লাব, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য আপনজন ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য ভারতমাতা সংঘকে পুরস্কৃত করা হয়। পূর্ব জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হয় স্ফুলিঙ্গ ক্লাবকে। শ্রেষ্ঠ মন্ডপের জন্য রামঠাকুর সংঘ, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য শিবনগর মর্ডাণ ক্লাব আমরা তরুণ দল এবং শ্রেষ্ঠ থিমের জন্য শতদল সংঘকে পুরস্কৃত করা হয়। উত্তর জোনের শ্রেষ্ঠ প্রতিমার জন্য পুরস্কার প্রদান করা হয় এলবার্ট ক্লাবকে, শ্রেষ্ঠ মন্ডপের জন্য শান্তিকামী সংঘ, শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য নিউস্টার ক্লাব এবং শ্রেষ্ঠ থিমের জন্য মহান ক্লাবকে পুরস্কৃত করা হয়। পুরস্কার স্বরূপ প্রত্যেকটি ক্লাবকে একটি সুদৃশ্য ট্রফি এবং ২৫ হাজার টাকার চেক প্রদান করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ নির্বাচিত ক্লাব/সামাজিক সংস্থা ও পূজা কমিটির প্রতিনিধিদের হাতে এই পুরস্কারগুলি তুলে দেন। এই শারদ সম্মান অনুষ্ঠানে বিচারকগণকেও সম্মাননা জ্ঞাপন করা হয়।

*******